



আঞ্চলিক তথ্য অফিস, সিলেট



তথ্য অধিদফতর, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়

তথ্যবিবরণী

নম্বর: ০৫৫

শিক্ষার্থী প্রতিনিধিদের সঙ্গে আলোচনার ফলপ্রসূ সমাধান হয়েছে ... সিলেটে স্বরাষ্ট্র উপদেষ্টা

সিলেট, মঙ্গলবার, ১১ অগ্রহায়ণ (২৬ নভেম্বর):

কৃষি ও স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল (অব.) মো. জাহাঙ্গীর আলম বলেছেন, সবকিছুর পেছনে ইন্ধন বিষয়টি বলা ঠিক না। পরিস্থিতি নিয়ে বিভিন্ন কলেজের শিক্ষার্থী প্রতিনিধিদের সঙ্গে তাঁর আলোচনা হয়েছে। সেটার ফলপ্রসূ সমাধান হয়েছে। আজ ২৬ নভেম্বর মঙ্গলবার সিলেটে সার্কিট হাউসে জেলার প্রশাসনিক ও বিভাগীয় কর্মকর্তাদের সঙ্গে সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি সম্পর্কিত এক মতবিনিময় সভা শেষে সাংবাদিকদের সাথে আলাপকালে এসব কথা বলেন। এ সময় সিলেট রেঞ্জ ডিআইজি, বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক, মহানগর পুলিশ কমিশনার, জেলার পুলিশ সুপারসহ বিভিন্ন পর্যায়ের কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

প্রতিহিংসামূলক মামলা নিয়ে এক সাংবাদিক প্রশ্ন করলে জাহাঙ্গীর আলম চৌধুরী বলেন, এটা শতভাগ সত্য কথা, অনেক ভুয়া মামলা হয়েছে। ভুয়া মামলা দিয়ে অনেকে টাকা-পয়সা রোজগারও করেছেন। কিন্তু ভুয়া মামলায় নিরপরাধ মানুষ যাতে হয়রানির শিকার না হন, সে ব্যবস্থা নেওয়া হচ্ছে।

যাঁরা ভুয়া মামলা দিচ্ছেন, তাঁদের ধরিয়ে দেওয়ার আহ্বান জানিয়ে তিনি বলেন, এ বিষয়ে আইনশৃঙ্খলা কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। পুলিশ কমিশনার, পুলিশ সুপার ও লিগ্যাল এইড কর্মকর্তা নিয়ে একটি কমিটি গঠন করা হবে। তাঁরা এটা দেখবেন। মামলাগুলোর মধ্যে কোনটা গ্রহণযোগ্য, কোনটা অগ্রহণযোগ্য, সেটি দেখা হবে।

আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর লুট হওয়া ও অবৈধ অস্ত্র উদ্ধারের বিষয়ে উপদেষ্টা বলেন, এখনো লুট হওয়া সব অস্ত্র উদ্ধার হয়নি। তাই উদ্ধার অভিযান এখনো বন্ধ হয়নি। অস্ত্রগুলো বাইরে থাকলে কিছুটা হুমকি থাকে। ৮ আগস্ট পরবর্তী আইনশৃঙ্খলা পরিস্থিতি উন্নতি হয়েছে মন্তব্য করে তিনি আরো বলেন, গত ৬, ৭ ও ৮ আগস্টের চেয়ে এখন দেশের আইন-শৃঙ্খলার অবস্থা অনেক উন্নত হয়েছে। আরো উন্নতি হওয়ার অবকাশ আছে। এ জন্য সবার সহযোগিতা দরকার।

#

মাসুদ/ডলি/২০২৪/২০:২৫ ঘণ্টা

৩৫০/৬, খোজারখলা স্কয়ার, দক্ষিণ সুরমা, সিলেট

সংবাদকক্ষ : ০২৯৯৭৭০১৫৪৩, E-mail : pidsylhet@gmail.com